গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.jamalpur.gov.bd

স্মারক নং-৫১.০১.৩৯০০.০০০.৪১.০০৯.২৫-৬৭৫ তারিখ: ১২-১১-২০২৫ খ্রি:

প্রেরক : জেলা প্রশাসক
জামালপুর।

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার,
ইসলামপুর, জামালপুর।

বিষয় : ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম কিস্তির নগদ অর্থের উপবরাদ্দ প্রসঙ্গে।

সূত্র : ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০৪.২৫-৮৬, তারিখ: ০২-০৯-২০২৫ খ্রি:।
২। উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর এর স্মারক নং- ৫১.০১.৩৯২৯.০০০.৪২.০০৭.২৫-১৪৩, তারিখ: ১৪-১০-২০২৫খি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম পর্যায় কর্মসূচির আওতায় উপজেলা পরিষদভিত্তিক সূত্রোক্ত স্মারকের মাধ্যমে ইসলামপুর উপজেলায় প্রাপ্ত বরাদ্দ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে উপবরাদ্দ প্রদান করা হলো:

| ক্রমিক নং | উপজেলার নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ | উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ | প্রকল্প সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | ইসলামপুর | ১,০৩,৪৮,৪৯১/০৭ | ৯৪,৫১,৩৩২/০৭ | ৪৬টি |

২। উপবরাদ্দকৃত অর্থ ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট কোড নং "১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১" গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির খাত হতে নির্বাহ করতে হবে।
৩। ২০২৫-২০২৬ অর্থবছরে ১ম কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১-১২-২০২৫ খ্রি.তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
৪। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও সংশোধিত টিআর (সংশোধিত) নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৫। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৬। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টর ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়।
৭। প্রতিটা প্রকল্পের বর্ণনাসহ রাস্তার শুরুতে/ প্রকল্পের দৃশ্যমান স্থানে (প্রযোজ্য ক্ষেত্রে) যথাযথ সাইজের পাথরের নাম ফলক অবশ্যই স্থাপন করতে হবে।
৮। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯। প্রকল্প সুষ্ঠভাবে বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/ জবাদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।
১০। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্প ইমাম/ পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
১১। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
১২। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে।
১৩। প্রকল্প বাস্তবায়নে মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
১৪। নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১২/১১/২৫
মোঃ আব্দুল্লাহেল কাফি
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জামালপুর
০২৯৯-৭৭৭২১৭৪
drrojamalpur@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.৩৯০০.০০০.৪১.০০৯.২৫- তারিখ: ১২-১১-২০২৫ খ্রি:
সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলোঃ-
০১। প্রশাসক, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
০২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জামালপুর।
০৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ইসলামপুর, জামালপুর।
০৪। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ইসলামপুর, জামালপুর।
০৫। জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় সহকারী। ইহা জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬। অফিস কপি।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জামালপুর